121

তারিখ 19 MAR 1994
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক বাংলা

# ভার্সিটি আজ খুলছেঃ ডাকসু নির্বাচনী তৎপরতা জমে উঠবে

স্টাফ রিপোর্টার ঃ ঈদের ছুটির পর আজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস-সমূহ পুনরায় খুলছে। ঈদের ছুটি কাটিয়ে গতকাল পর্যন্ত বহুসংখ্যক ছাত্র-ছাত্রী হলে ফিরে এসেছে। বিশ্ববিদ্যালয় খোলার সঙ্গে সঙ্গে আজ থেকে ডাকসু নির্বাচনী আলাপও জমে উঠবে। ছুটির মধ্যেও গত ৩/৪ দিন মধুর ক্যান্টিন বেশ জমজমাট ছিল। বিভিন্ন দলের নেতৃবৃন্দের ব্যাপক উপস্থিতি ছিল লক্ষ্যণীয়। আজ থেকে ছাত্রদল দলীয় মনোনয়নপত্র বিলি শুরু করছে।

বাম ছাত্র সংগঠনগুলিকে নিয়ে গঠিত গণতান্ত্রিক ছাত্র ঐক্যের প্যানেল চূড়ান্ত করার জন্য গতকাল যে বৈঠক হওয়ার কথা ছিল সব দলের নেতৃবৃন্দ বাড়ী থেকে

( ৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## ভার্সিটি আজ খুলছে

(১ম পৃঃ পর)

না ফেরায় সে বৈঠক হয়নি। ছাত্র ঐক্যের একজন নেতা জানান, আজ তারা বৈঠকে বসতে পারবেন বলে আশা করছেন।

ডাকসু নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত আওয়ামী লীগের নেতৃবৃন্দ শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী অনুষ্ঠানের কাজে টুঙ্গীপাড়া থাকায় গত কদিন ছাত্রলীগের তেমন কোন তৎপরতা লক্ষ করা যায়নি।

বিশ্ববিদ্যালয় খোলার পাশাপাশি আগামীকাল মাগুরায় সংসদ উপনির্বাচন শেষ হওয়ার পরপরই ডাকসু নির্বাচনী তৎপরতা আরো জোরদার হয়ে উঠবে বলে ধারণা করা হচ্ছে।

তবে পরিবেশের অজুহাত তুলে ছাত্রলীগের (ম-ই) কিছুটা পিছুটান লক্ষ্য করা যাচ্ছে। গণতান্ত্রিক ছাত্রঐক্য ছাত্রলীগের (ম-ই) সঙ্গে ঐক্যবদ্ধভাবে নির্বাচনে যেতে অস্বীকার করার পরই ছাত্রলীগের এই পিছুটান নির্বাচন নিয়ে কিছুটা হলেও সংশয়ের সৃষ্টি করছে। সাধারণ ছাত্র ছাত্রীসহ অপরাপর সব ক'টি সংগঠন ঘোষিত শিডিউল অনুযায়ী নির্বাচনের পক্ষে রয়েছেন।